

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 13-04-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**State level Vaisu festival C.M..**

গোমতী জেলার করবুকের বাঁশিচন্দ্র পাড়ায় জনজাতি অংশের অন্তর্ম প্রধান উৎসব রাজ্যভিত্তিক বইসু উৎসবের আয়োজন করা হয়। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল সন্ধ্যায়, এই উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধকের ভাষণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জনজাতি অংশের মানুষের আর্থ সামাজিক অবস্থার উন্নয়নের জন্য নিরন্তর কাজ করে চলছে রাজ্যের বর্তমান সরকার। জনজাতিদের সার্বিক বিকাশে আগামীদিনে যা যা করার প্রয়োজন সেটা করবে রাজ্য সরকার। এর পাশাপাশি জনজাতিদের রীতিনীতি, কৃষি সংস্কৃতিকে বাঁচিয়ে রাখার জন্য রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সবসময় বলেন সবকা সাথ, সবকা বিকাশ, সবকা প্রয়াসের কথা আর এই দিশায় কাজ করছে রাজ্য সরকারও।

অনুষ্ঠানে বুইসু, বিজু ও নববর্ষ উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। তিনি বলেন, জনজাতিদের বিভিন্ন গ্রিতিহ্বাহী উৎসব রয়েছে যেমন - গড়িয়া, বুইসু, বিজু, হজাগিরি, ওয়াংগল প্রভৃতি প্রিবারের বাজেটে করবুকে একটা কলেজ স্থাপনের জন্য আর্থিক সংস্থান রাখা হয়েছে বলে উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ সাহা বলেন, ডোনার মন্ত্রকের আর্থিক সহায়তায় ত্রিপুরায় কালচারাল হাব গড়ে তোলা হবে। এজন্য সাড়ে ৩২ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

ত্রিপুরা চুবুলাই বুথু সামাজিক সংস্কৃতিক সংস্থার উদ্দেয়গে আয়োজিত হয় এই উৎসব। অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, সমবায় মন্ত্রী শুল্ক চরণ নোয়াতিয়া, প্রাঙ্গন সাংসদ রেবতী ত্রিপুরা, বিধায়ক সঞ্চয় মানিক ত্রিপুরা, এডিসির কার্যনির্বাহী সদস্যা ডলি রিয়াং, এডিসি সদস্য কংজৎ মগ প্রমুখ। রাষ্ট্রপতি দ্রোপদী মুর্মু বৈশাখী, বইসু, বহাগ বিহু, পয়লা বৈশাখ উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। এই শুভেচ্ছা বার্তায় তিনি বলেন ভারতের বিভিন্ন প্রান্তের এই সব উৎসব দেশের সামাজিক সংস্কৃতি এবং একতাকে সমৃদ্ধ করে।

\*\*\*\*\*

### **State level Biju :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সন্ধিয়ায় ধলাই জেলার ছামনুর লক্ষ্মীন্দর পাড়ায় চাকমা সম্প্রদায়ের ৫১ তম রাজ্য ভিত্তিক বিজু মেলার উদ্বোধন করবেন।

\*\*\*\*\*

### **Chaitra sail:**

এদিকে, বাংলা নববর্ষকে স্বাগত জানাতে রাজ্যেও প্রস্তুতি চলছে ঘরে ঘরে।  
আগরতলা সহ রাজ্যের বিভিন্ন স্থানে চৈত্র সেল জমজমাট হয়ে উঠেছে।  
আগরতলার হরিগঙ্গা বসাক রোড, শকুন্তলা রোডে কেনাকাটার জন্য ভির  
লক্ষ্য করা গেছে।

\*\*\*\*\*

### **Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নিশ্চিত করেছেন যে কেন্দ্রীয় সরকার  
এবং মহারাষ্ট্র সরকার উভয়ই ছত্রপতি শিবাজি মহারাজের গ্রিতিহাসিক পীঠস্থান  
রায়গড় দুর্গকে দেশের যুবসমাজের অনুপ্রেরণার উৎস হিসেবে গড়ে তুলতে  
প্রতিশ্রুতিবদ্ধ।

মহারাষ্ট্রের রায়গড় দুর্গে ছত্রপতি শিবাজি মহারাজের ৩৪৫তম মৃত্যুবার্ষিকী  
উপলক্ষে শ্রদ্ধাঙ্গলি ও পুষ্পস্তবক অর্পণ করে তিনি একথা বলেন। শ্রী শাহ বলেন,  
ছত্রপতি শিবাজি মহারাজের চিরন্তন বার্তা ছিল যে স্বরাজ বা স্বশাসনের জন্য  
লড়াই কখনও থামানো উচিত নয়। তিনি আরও বলেন যে, গতকাল প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদীর নেতৃত্বে, কেন্দ্রীয় সরকার বিশ্বস্ততার সঙ্গে শিবাজি মহারাজের দৃষ্টিভঙ্গি অনুসরণ করছে এবং ভারতকে সমগ্র বিশ্বের কাছে আশার আলো হিসেবে প্রতিষ্ঠিত করার জন্য অক্লান্ত পরিশ্রম করছে।

\*\*\*\*\*

### **Union Minister in Kohima:**

স্বাধীন দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রীয় আইন ও বিচার এবং সংসদ বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল, সমসাময়িক কালে ভারতে সমতা ও ন্যায়বিচারের বিবর্তিত গতিশীলতা তুলে ধরে "সকলের জন্য ন্যায়বিচার" এর প্রতি সরকারের প্রতিশ্রুতির কথা তুলে ধরেছেন। গতকাল সঞ্চায় নাগাল্যান্ডের কোহিমায় অনুষ্ঠিত রাজ্য শুরের মেগা আইনি পরিষেবা শিবিরের সমাপ্তি অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় কেন্দ্রীয় মন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এই মন্তব্য করেন।

সংবিধানে উল্লিখিত মৌলিক মূল্যবোধের কথা উল্লেখ করে শ্রী মেঘওয়াল জাতির পথপ্রদর্শনে রূপরেখা রচনায় ডঃ বি আর আন্দেকরের কৃতিত্বের কথা তুলে ধরেন। আগামীকাল ১৪ এপ্রিল সংবিধানের অন্তর্ম প্রনেতা ডঃ আন্দেকরের জন্মবার্ষিকীর কথা উল্লেখ করে তিনি বলেন, "সাম্য, স্বাধীনতা এবং ভ্রাতৃত্ব আমাদের সংবিধানের তিনটি মূল স্তুতি,"।

\*\*\*\*\*

### **Agri Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন, রাজ্য সরকার রাজ্যকে খাদ্য স্বয়ন্ত্র করার পাশাপাশি কৃষি এবং কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার সার্বিক উন্নয়নে বিশেষ গুরুত্ব দিয়েছে। সিপাহীজলা জেলার জম্পুইজলায় এগ্রিকালচার ডেভেলাপমেন্ট, রিসার্চ কাম ট্রেনিং সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষি জমির সঠিক ব্যবহার এবং সঠিক সময়ে কৃষকদের বিভিন্ন আধুনিক কৃষি উপকরণ প্রদানের বিষয়ে রাজ্য সরকার বিশেষ অগ্রাধিকার দিচ্ছে।

\*\*\*\*\*

## **TET Couching :**

দক্ষিণ প্রিপুরা জেলার যে সমস্ত পরীক্ষার্থী আসন্ন টেট-টু পরীক্ষা-২০২৫ এ বসবে তাদের জন্য জেলা পরিষদের উদ্যোগে বিনামূল্যে তিনদিনের এক বিশেষ কোচিং ১৭ এপ্রিল থেকে শুরু হবে। বিলোনীয়ার বিদ্যাপীঠ স্বর্গজয়ন্তী হলে এই কোচিং চলবে ১৯ এপ্রিল পর্যন্ত। প্রতিদিনে সকাল ১১টা থেকে কোচিং শুরু হবে। কোচিং দেবেন আগরতলার একাডেমি সার্ভিসেস-এর অভিজ্ঞ শিক্ষকগণ। আগ্রহী পরীক্ষার্থীদের এই সুযোগ গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানিয়েছেন দক্ষিণ প্রিপুরা জেলা পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক।

\*\*\*\*\*

## **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৭শে এপ্রিল, রবিবার আকাশবাণীতে 'মন কি বাত' অনুষ্ঠানের ১২১তম পর্বে দেশ ও বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। জনগণ এই অনুষ্ঠানের জন্য তাদের মতামত এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে পাঠাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগড ওপেন ফোরামের মাধ্যমেও মতামত জানানো যাবে। এই পরামর্শ এমাসের ২৫ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

\*\*\*\*\*

## **Weather ..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে, আকাশ অংশত মেঘলা থাকবে, বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্ত ভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি পাতের সন্তাবনা রয়েছে। এছাড়া কোথাও কোথাও দমকা থেকে ঝড়ো হাওয়া, বয়ে যেতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৮:ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি।

\*\*\*\*\*